

স্মারক নং: ৩৭.০১.৪১০৪.০০৮.১৮.০০১.২২-৫২১

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৯
১৩ নভেম্বর ২০২২অফিস আদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এ প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকারের নেয়া সিদ্ধান্ত সাপেক্ষে বৈদ্যুতিক খাতে ব্যয় হ্রাসকরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

- ১) বিদ্যুৎ চলে গেলে ১ ঘণ্টা অপেক্ষার পরেও যদি বিদ্যুৎ না আসে সেক্ষেত্রে জেনারেটর চালু করতে হবে।
- ২) প্রশাসনিক ভবনে অফিস টাইম সকাল ৮.০০ টা হতে ০৩.০০ টার পর কোনোভাবেই জেনারেটর চালু করা যাবে না।
- ৩) একাডেমিক ভবনের বিদ্যুৎ চলে গেলে ক্লাশ চলাকালীন সময়ে ১ ঘণ্টা অপেক্ষা করার পরেও যদি বিদ্যুৎ না আসে তবে জেনারেটর চালু করতে হবে।
- ৪) ক্লাস রুমে লাইট অন না করে জানালা খুলে দিয়ে যতদূর সম্ভব সূর্যের আলোর ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৫) প্রয়োজন ব্যতীত যেকোন বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার যথেষ্ট পরিমাণে সীমিত করতে হবে।
- ৬) হোস্টেলের ছাত্র-ছাত্রীরা যেন কোনোভাবেই বৈদ্যুতিক হিটার, পানির হিটার, রুম হিটার, আয়রন ইত্যাদি ব্যবহার করতে না পারে সেক্ষেত্রে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষকদের ও হলের হাউস টিউটরদের সমন্বয়ে একটি মনিটরিং কমিটি গঠন করতে হবে। উপরে বর্ণিত কাজসমূহ কেউ করলে হল কর্তৃপক্ষ ও প্রশাসন এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৭) হোস্টেলের জেনারেটর শীতকালীন সময়ের জন্য সম্পূর্ণরূপে বন্ধ রাখতে হবে। তবে ব্যাটারি যেন অকেজো না হয় সে কারণে সপ্তাহে দুই দিন ৩০ মিনিট করে জেনারেটর চালু করতে হবে।
- ৮) সর্বোপরি সকল ভবনেই অতিরিক্ত আলোকসজ্জা এড়িয়ে চলার জন্য বলা হলো।

উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিস আদেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে



(কাজী আবদুল্লাহ আল ফরহাদ)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ।

স্মারক নং: ৩৭.০১.৪১০৪.০০৮.১৮.০০১.২২-৫২১

তারিখঃ ২৮ কার্তিক ১৪২৯
১৩ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বিডিইউ।
২. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বিডিইউ।
৩. ট্রেজারার মহোদয়ের দপ্তর, বিডিইউ।
৪. সকল দপ্তর ও বিভাগীয় প্রধান, বিডিইউ।
৫. একান্ত সচিব, উপাচার্য মহোদয়, বিডিইউ।
৬. সহকারী হাউস টিউটর, ছাত্র হল, বিডিইউ।
৭. সহকারী হাউস টিউটর, ছাত্রী হল-১, বিডিইউ।
৮. সহকারী হাউস টিউটর, ছাত্রী হল-২, বিডিইউ।
৯. মোঃ টি. এ. এম. তুষার, সেকশন অফিসার (অঃদাঃ), হল সমূহ, বিডিইউ।
১০. ওয়েব মাস্টার, বিডিইউ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ)।
১১. অফিস কপি, গার্ড ফাইল, বিডিইউ।



সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ।